দৈনিক সংবাদ

247

তারিখ JUL 27 1999

পৃষ্ঠা ৪ কলাম ৭

# ভুয়া মাদ্রাসা ও গরুর ঘাস খাওয়া চিত্র

দৈনিক সংবাদ-এ কিছু মাদ্রাসার ছবি দেখলাম। ছবি এবং ক্যাপশন দেখে অনেক আগে চিত্র প্রদর্শনীর কথা মনে হলো। চিত্র প্রদর্শনীতে একটি সাদা কাগজ ফ্রেম করে বাঁধানো, নিচে লেখা "গরু ঘাস খাইতেছি"। প্রদর্শনীতে সকল অতিথি একটাই প্রশ্ন "কোথায় গরু কোথায় ঘাস"



বাঁধানো কাগজ যে একেবারে ধব ধবে সাদা। গাইড বুঝিয়ে দিলেন "গরু ঘাস খেয়ে বাড়ি চলে গেছে আর মাঠের ঘাস সেও গরুর পেটে রয়েছে।"

মাদ্রাসার অবস্থা হয়েছে সেই রকম। ছাত্ররা পড়াশোনা করে বাড়ি চলে গেছে। আর শিক্ষকরা ঘর, দরজা. চাল, খুঁটি খুলে বাড়ি নিয়ে চলে গেছে। সকালে এসে আবার ঘর ঠিক করবে। এই সমস্ত মাদ্রাসার ছবি ছাপানোর জন্য সংবাদকে ধন্যবাদ। তবে আপনাদের আরও একটি কাজ করতে হবে। এই সমস্ত ভুয়া মাদ্রাসা যে কমিটির Recommandation-এ অনুদান পেয়েছে তাদেরকে জনসমক্ষে তুলে ধরতে হবে। এই কমিটি হয় মাদ্রাসা বোর্ড থেকে হয়েছে নয়তো মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে হয়েছে। আমরা দৃষ্টান্তমূলক শাস্তি চাই।

প্রফেসর রওশন আরা মতিন
বিভাগীয় প্রধান
পদার্থ বিদ্যা বিভাগ
ঢাকা কলেজ, ঢাকা।